

PRINT

সমকাল

জাতীয়করণ করা প্রাইমারি স্কুল প্রধান শিক্ষকদের টাইম স্কেল নিয়ে হাইকোর্টের রুল

১১ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

জাতীয়করণ করা প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষকদের টাইম স্কেল বাতিলের সিদ্ধান্ত নিয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।
রুলে টাইম স্কেল বাতিল করে ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টসের গত ২৬ এপ্রিলের সিদ্ধান্ত কেন অবৈধ ঘোষণা
করা হবে না, তা জানতে চাওয়া হয়েছে।

বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি জাফর আহমেদ সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল এ আদেশ দেন। দশ
দিনের মধ্যে অর্থ মন্ত্রণালয় সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টসকে এ
রুলের জবাব দিতে বলা হয়েছে।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com

